

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ অধিশাখা
www.lgd.gov.bd

নথি নং- ৪৬.০০.১৩০০.০১৭.৯৯.০০১.১৬ ৫২৬

তারিখ : ৩ আশ্বিন, ১৪২৩
১৮ সেপ্টেম্বর, ২০১৬


বিষয় : চাঁদপুর জেলার মেয়াদ উত্তীর্ণ ইউনিয়ন পরিষদের কার্যক্রম পরিচালনার জন্য ক্ষমতা প্রদান।

- সূত্র : ১. জেলা প্রশাসকের কার্যালয় চাঁদপুর এর পত্র নং-৪১৩, তারিখঃ ২৭/০৭/২০১৬ খ্রিঃ।
২. ডা. দীপু মনি, এম.পি, মাননীয় সংসদ সদস্য, ২৬২, চাঁদপুর-৩, (সদর-হাইমচর) এর ডিও পত্র নং-৫২, তারিখ : ২৫/০৭/২০১৬খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলার সদর উপজেলার কল্যাণপুর ইউপির ১টি ও চান্দ্রা ইউপির ২টি ভোট কেন্দ্রের ফলাফল স্থগিত থাকায় গেজেট প্রকাশিত হয়নি, হাইমচর উপজেলার চরভৈরবী ইউপির ৩টি ভোট কেন্দ্রের ফলাফল স্থগিত থাকায় গেজেট প্রকাশিত হয়নি, ফরিদগঞ্জ উপজেলার চরদু:খিয়া (পূর্ব) ইউপির ৩টি ভোট কেন্দ্র, চরদু:খিয়া (পশ্চিম) ইউপির ১টি ভোট কেন্দ্রের ফলাফল স্থগিত থাকায় গেজেট প্রকাশিত হয়নি, এবং শাহরাস্তি উপজেলার চিতোষী (পূর্ব) ইউপির ২টি ভোট কেন্দ্রের ও রায়শ্রী (উত্তর) ইউপির ২টি ভোট কেন্দ্রের ফলাফল স্থগিত থাকায় গেজেট প্রকাশিত হয়নি।

০২। এমতাবস্থায়, চাঁদপুর জেলার উক্ত ৭টি ইউনিয়ন পরিষদের নির্বাচনের ফলাফল আংশিক স্থগিত রয়েছে বিধায় স্থগিত ভোট কেন্দ্রের ফলাফল ঘোষণা করে গেজেট প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : ০৭(সাত) পাতা।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব
ফোন : ৯৫৮৬৬০৫

সচিব
নির্বাচন কমিশন সচিবালয়
আগারগাঁও, শের-ই বাংলানগর, ঢাকা।

অনুলিপি :

১. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।